# কৃষি বিপণন বার্তা

ত্রৈমাসিক কৃষি বিপণন বার্তা | প্রথম বর্ষ | দ্বিতীয় সংখ্যা | ভাদ্র ১৪২৮ | পৃষ্ঠা ৮

## কৃষি বিপণন অধিদপ্তরের ডিজিটাল বাজার ‘সদাই’ অ্যাপ উদ্বোধন



কৃষি বিপণন অধিদপ্তরের ডিজিটাল বাজার ‘সদাই’ এর উদ্বোধন করেন মাননীয় কৃষি মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক, এম.পি

মাননীয় কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক গত ০৪ আগস্ট, ২০২১খ্রি. তারিখে কৃষিপণ্য বিক্রয়ের অ্যাপ ‘সদাই’ এর উদ্বোধন করেন। অ্যাপ ‘সদাই’ বাস্তবায়ন করছে কৃষি বিপণন অধিদপ্তর। সার্বিক সহযোগিতায় রয়েছে কৃষি মন্ত্রণালয়। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ মেসবাহুল ইসলাম। স্বাগত বক্তব্য রাখেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ ও কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব হাসানুজ্জামান কল্লোল। সদাই অ্যাপের পরিচিতি তুলে ধরেন কৃষি বিপণন অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব বায়েজীদ বোস্তামী। জুম প্লাটফর্মের মাধ্যমে কৃষি বিপণন অধিদপ্তর এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা পর্যায়ের কর্মকর্তাগণ সভায় সংযুক্ত ছিলেন।

## জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে আলোচনা ও দোয়া মাহফিল আয়োজন



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে অধিদপ্তরে আয়োজিত আলোচনা ও দোয়া মাহফিল

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে আয়োজিত আলোচনা ও দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ ইউসুফ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। সভায় বঙ্গবন্ধুর জীবন, কর্ম, দেশপ্রেম এবং স্বাধীনতায় তাঁর অবদান বিষয়ে আলোচনা করা হয়।

## কৃষি মন্ত্রণালয় এবং কৃষি বিপণন অধিদপ্তরের মাঝে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর সম্পাদন



২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত মাননীয় কৃষি মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক, এম.পি।

২৭ জুন ২০২১খ্রিঃ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সাথে অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে কৃষি বিপণন অধিদপ্তরের পক্ষে চুক্তি স্বাক্ষর করেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় কৃষি মন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক, এমপি এবং সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব জনাব মোঃ মেসবাহুল ইসলাম।

## জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

বাংলাদেশের মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের অংশ হিসেবে ১৫ আগস্ট বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয়। এ ছাড়াও কৃষি বিপণন অধিদপ্তরে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে কর্মকর্তাগণ শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন।

## টাঙ্গাইলের মধুপুর উপজেলায় কৃষক, ব্যবসায়ী ও উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত



কৃষক, ব্যবসায়ী ও উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণে উপস্থিত কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক, উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং অধিদপ্তরের কর্মকর্তাগণ

গত ১৩ আগস্ট, ২০২১খ্রি. তারিখে টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলা প্রশাসনের সম্মেলন কক্ষে কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ শীর্ষক প্রকল্প কর্তৃক আয়োজিত "কৃষক, ব্যবসায়ী ও উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ"-এ কৃষকদের সাথে মতবিনিময় ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ। প্রকল্প পরিচালক জনাব শাহনাজ বেগম নীনার সভাপতিত্বে প্রশিক্ষণ কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের পরিচালক জনাব কাজী আবুল কালাম।

## ২০২০-২১ অর্থবছরে আলু রপ্তানি বৃদ্ধি পেয়েছে ৫৪%



চট্টগ্রাম সমুদ্রবন্দর দিয়ে আলু রপ্তানি

বাংলাদেশের সম্ভাবনাময় একটি ফসল আলু। দেশের চাহিদা মিটিয়ে রপ্তানি পণ্যের তালিকায় স্থান করে নিয়েছে এ ফসলটি। করোনা মহামারির সময়কালে চট্টগ্রাম সমুদ্রবন্দর দিয়ে বেড়েছে আলু রপ্তানি। দেশে মোট আলু রপ্তানির ৯৫% চট্টগ্রাম বন্দর দিয়ে হয়। রপ্তানি উন্নয়ন ব্যুরোর তথ্যমতে, ২০২০-২১ অর্থবছরে আলু রপ্তানি করে বাংলাদেশ আয় করেছে ৫০.৭৮ মিলিয়ন মার্কিন ডলার। চট্টগ্রাম বন্দর দিয়ে মালয়েশিয়া, সিঙ্গাপুর, শ্রীলঙ্কা, সংযুক্ত আরব আমিরাত, মালদ্বীপ, সৌদি-আরব, কাতার, বাহরাইন, ভিয়েতনাম ও ব্রুনাইয়ে বাংলাদেশের আলু রপ্তানি হয়। এর মধ্যে সবচেয়ে বেশি রপ্তানি হয়েছে মালয়েশিয়ায়।

## হাড়িভাঙ্গা আম বিপণনে রংপুরে আউটলেট উদ্বোধন



সাশ্রয়ী মূল্যে হাড়িভাঙ্গা আম বিপণনে আউটলেট উদ্বোধন করছেন জনাব মোঃ আসিব আহসান, জেলা প্রশাসক, রংপুর

কৃষি বিপণন অধিদপ্তর, রংপুর কর্তৃক শহরের লালবাগ বাজারে কৃষকের বাগানের হাড়িভাঙ্গা আম অধিদপ্তরের তৈরিকৃত উদ্যোক্তার মাধ্যমে সরাসরি সাশ্রয়ী মূল্যে বিক্রির জন্য ২০জুন, ২০২১খ্রিঃ তারিখ একটি আউটলেটের উদ্বোধন করা হয়। জনাব মোঃ আসিব আহসান, জেলা প্রশাসক, রংপুর আউটলেটের শুভ উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে ডিএএম, ডিএইসহ সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের কর্মকর্তাবৃন্দ, আমচাষী, ব্যবসায়ী, উদ্যোক্তা, স্থানীয় জনপ্রতিনিধি ও সংবাদ মাধ্যমের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। উদ্বোধন শেষে জেলা প্রশাসক মহোদয় কৃষি বিপণন অধিদপ্তরের এ কার্যক্রমের প্রশংসা করেন এবং কৃষকদের যেকোনো প্রয়োজনে পাশে থাকার অঙ্গীকার ব্যক্ত করেন।

## এক জন সফল নারী উদ্যোক্তার গল্প



কৃষি বিপণন অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত সফল উদ্যোক্তা রোকসানা পারভিন

রোকসানা পারভিন নিজ উদ্যোগে ২০১২ সালে "প্রতিবেশী কুটিরশিল্প" নামে মিরপুরে ব্যবসা শুরু করেন। বিবিএ এবং এমবিএ শেষ করে বর্তমানে তিনি একজন সফল নারী উদ্যোক্তা। তিনি প্রায় ৩০ হাজার নারী-পুরুষকে বুটিক, ফ্রেশকাট, সবজি প্রসেসিং, ঝটপট রান্নার খাবার তৈরির উপর প্রশিক্ষণ দিয়েছেন এবং ব্যবসা প্রতিষ্ঠায় সহায়তা করেছেন। বর্তমানে তিনি নিজেও ব্যবসা পরিচালনা করেন এবং সেখানে প্রায় ৪১ জন স্থায়ী ও ১০ জন অস্থায়ী কর্মচারী নিয়োজিত আছেন যা কর্মসংস্থান তৈরিতে ভূমিকা রাখছে। সকল ব্যয় বাদ দিয়ে তিনি বর্তমানে প্রতিমাসে ৫০ থেকে ৭০ হাজার টাকা আয় করেন । তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতাধীন ফ্রেশকাট বিষয়ক কর্মসূচি হতে প্রশিক্ষণের পাশাপাশি ভ্যান এবং শো-কেস সহায়তা হিসেবে পেয়েছেন। যার ফলে ২০১৮ সাল থেকে তিনি ফ্রেশ-কাট ব্যবসার উদ্যোগ শুরু করেন এবং এখনও তার ব্যবসা অব্যাহত আছে। এভাবেই কৃষি বিপণন অধিদপ্তর কৃষিব্যবসা খাতে মহিলা উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে দেশের নারীদের আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা রেখে চলেছে।

## চট্টগ্রামে কৃষিপণ্য পরিবহনের ট্রাকে স্টিকার সরবরাহ



চট্টগ্রামে কৃষিপণ্য পরিবাহী ট্রাকে স্টিকার সরবরাহ করছেন দায়িত্বপ্রাপ্ত সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা জনাব মোঃ সেলিম মিয়া

নিয়মিত বাজার মনিটরিং এর অংশ হিসেবে চট্টগ্রাম সদরের কর্ণেলহাট এবং পাহাড়তলী বাজারে মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয় এবং কৃষিপণ্য পরিবহন নির্বিঘ্নে পরিচালনা করার জন্য কৃষি বিপণন অধিদপ্তর, চট্টগ্রাম কর্তৃক লিফলেট ও স্টিকার প্রদান করা হয়। জনসাধারণ এবং ব্যবসায়ীদেরকে মাস্ক পরে ও যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করার জন্য উৎসাহ প্রদান করা হয়।

## বগুড়ার মহাস্থান হাটে কৃষিপণ্যের বিপণন কার্যক্রম



বগুড়ার মহাস্থান হাটে কৃষিপণ্যের বিপণন কার্যক্রম

২৯ জুন, ২০২১ খ্রিঃ তারিখে বগুড়ার মহাস্থান হাট পরিদর্শনে দেখা গেছে যে, বাজার প্রাঙ্গণে নিজ খামারে উৎপাদিত সবজির সমারোহ নিয়ে কৃষকের আগমন ঘটেছে। প্রতিটি সবজির জন্য রয়েছে পৃথক স্থান। সুশৃঙ্খলভাবে দাঁড়িয়ে থাকা কৃষক দর কষাকষির পর পণ্য তুলে দেন আগত পাইকারদের হাতে। স্থানীয় আড়তগুলোতে প্যাকেজিং শেষে চলে যায় কাছে-দূরের বাজারে। পণ্য পরিবহনে কোন সমস্যা নেই। তবে বাজার বেশ সংকুচিত হওয়ায় এর বিক্রয় কার্যক্রমে ব্যাঘাত ঘটছে।

## গোপালগঞ্জে ভ্রাম্যমাণ আম বাজার কার্যক্রম চালু




গোপালগঞ্জে ভ্রাম্যমাণ আম বাজার তদারকি করছেন দায়িত্বপ্রাপ্ত কৃষি বিপণন কর্মকর্তা মোঃ আরিফ হোসেন

২৯ জুন, ২০২১ খ্রিঃ তারিখে গোপালগঞ্জ জেলায় কৃষি বিপণন অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সহযোগিতায় কঠোর লকডাউন চলাকালে সাধারণ জনগণের দোরগোড়ায় পণ্য পৌঁছে দেয়ার জন্য ভ্রাম্যমান বাজার চালু করা হয়।

## গাজীপুরে কৃষকের ড্রাগন ফল বিপণনে সহায়তা প্রদান



গাজীপুরে কৃষকের ড্রাগন ফল বিপণনে সহায়তা করছেন দায়িত্বপ্রাপ্ত কৃষি বিপণন কর্মকর্তা জনাব মোঃ আব্দুছ সালাম

জমি থেকে পাঁকা ড্রাগন ফল উঠিয়ে বিক্রি করতে করতে অবশেষে ৪০ কেজি ফল অবিক্রিত থেকে যায় গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার টোক ইউনিয়নের ড্রাগন চাষী হালিমার। তিনি গাজীপুরের কৃষি বিপণন কর্মকর্তার সহযোগিতা চান এবং ২৩ জুন, ২০২১ খ্রিঃ তারিখে উক্ত চাষী গাজীপুর কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়ে সেই অবিক্রিত ৪০ কেজি ড্রাগন ফল নিয়ে আসেন। কৃষি বিপণন কর্মকর্তার প্রত্যক্ষ সহযোগিতায় জয়দেবপুর, গাজীপুর সদর এলাকায় উক্ত চাষী ন্যায্য মূল্যে তার ড্রাগন ফলগুলো বিক্রি করেন।

## যশোরে সর্ববৃহৎ চামড়ার আড়ত রাজারহাট বাজার মনিটরিং



যশোর অঞ্চলের সর্ববৃহৎ চামড়ার আড়ত রাজারহাট বাজার পরিদর্শনে জেলা বাজার কর্মকর্তা জনাব মোঃ সুজাত হোসেন খান

পবিত্র ঈদ উল আযহায় কোরবানিকৃত পশুর চামড়ার বাজার মনিটরিং-এর জন্য যশোর জেলা বাজার কর্মকর্তা ২৪ জুলাই, ২০২১ খ্রিঃ তারিখ রাজারহাট বাজার পরিদর্শন করেন। এটি এ অঞ্চলের সর্ববৃহৎ চামড়ার বাজার। হাটে আকার ভেদে প্রতিটি গরুর চামড়া ২৫০-৯০০ টাকা দরে বিক্রি হয়েছে। আর ছাগলের চামড়া প্রতিটি ২০-৫০ টাকা দরে বিক্রি হয়েছে। হাটে চামড়ায় ব্যবহার উপযোগী পর্যাপ্ত পরিমাণ লবণ মজুদ ছিল এবং ১০ টাকা কেজি দরে তা বিক্রি হয়েছে।

## চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ে আইবাস++ পরিচিতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন



চট্টগ্রামে আইবাস++ পরিচিতি বিষয়ক সভায় প্রধান অতিথি মাননীয় মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ

কৃষি বিপণন অধিদপ্তরের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের আইবাস++ পরিচিতি, অনলাইন বেতন বিল দাখিল, বেতন ভাতা EFT (ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার)-এর মাধ্যমে প্রাপ্তির লক্ষ্যে চট্টগ্রাম বিভাগের উপপরিচালকের কার্যালয়ে অধীনস্থ ১৫টি অফিস প্রধানের সমন্বয়ে ২৯ মে ২০২১খ্রি. তারিখে এক দিনব্যাপী হাতে-কলমে প্রশিক্ষণের আয়োজন করা হয়। অফিস ব্যবস্থাপনা ও আইবাস++ বিষয়ক ইনহাউজ প্রশিক্ষণ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ। প্রশিক্ষণ কর্মসূচি ও ত্রৈমাসিক সমন্বয় সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম বিভাগের উপপরিচালক (উপসচিব) জনাব নাসিম ফারহানা শিরীন।

## সিলেটে কৃষি বিপণন অধিদপ্তরের নিজস্ব ভবন হস্তান্তর



ভবন হস্তান্তর অনুষ্ঠান উপস্থিত শাহনাজ বেগম নীনা, উপপরিচালক এবং জনাব রিপন কুমার রায়, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সিলেট

গত ১১ জুলাই, ২০২১ খ্রিঃ তারিখে কৃষি বিপণন ভবন, সিলেট-এর হস্তান্তর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ ইউসুফ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব শাহনাজ বেগম নীনা, উপপরিচালক (নীতি ও পরিকল্পনা), কৃষি বিপণন অধিদপ্তর এবং জনাব রিপন কুমার রায়, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সিলেট। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন, উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট।

## মার্কেট লিংকেজের মাধ্যমে মৌলভীবাজারে কালো জাতের তরমুজ বিপণনে সহায়তা প্রদান

মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলার পাত্রখোলা চা বাগানের কৃষক আব্দুল মতিন ২ বিঘা জমিতে হাইব্রিড ব্ল্যাক বেবি, মধুমালা ও ল্যানফাই জাতের তরমুজের আবাদ করেন। কিন্তু লকডাউনের কারণে জেলার বাইরের ক্রেতারা না আসায় তিনি তরমুজ বিপণনে সমস্যার সম্মুখীন হচ্ছিলেন।



মৌলভীবাজারে দায়িত্বপ্রাপ্ত কৃষি বিপণন কর্মকর্তা জনাব আজ বাহার মুন্সী কালো জাতের তরমুজ বিপণনে সহায়তা প্রদান

মৌলভীবাজার জেলা কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়ের মাঠ ও বাজার পরিদর্শক জনাব মোঃ আজ বাহার মুন্সী সরেজমিনে গত ২৯ জুলাই, ২০২১ খ্রিঃ তারিখে কৃষকের ক্ষেত পরিদর্শনে যান এবং জেলা সদরের কতিপয় আড়তদার ও পাইকারি বিক্রেতার সাথে কৃষক আব্দুল মতিন এর তরমুজ বিক্রি করে দেয়ার জন্য অনুরোধ করেন। পরবর্তীতে তিনি প্রায় ৪৫০-৫০০ পিস তরমুজ নিয়ে আড়তে আসেন। জেলা মাঠ ও বাজার পরিদর্শক এর উপস্থিতিতে তরমুজ বিক্রি শুরু হয়। কৃষক আব্দুল মতিন ন্যায্যমূল্যে তরমুজ বিক্রি করে খুশি মনে বাড়ি ফিরে যান

## কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক ঝিনাইদহ জেলায় নির্মিত এসেম্বল সেন্টারের কার্যক্রম



ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলার মদনডাঙ্গায় এসেম্বল সেন্টারে কৃষিপণ্য বিপণন কার্যক্রম

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত মুজিবনগর সংবলিত কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় ঝিনাইদহ জেলার শৈলকূপা উপজেলার মদনডাঙ্গা বাজারে ১টি এসেম্বল সেন্টার নির্মাণ করা হয়েছে। এসেম্বল সেন্টারটির আয়তন ৭,২০০ বর্গফুট। পচনশীল কৃষিপণ্যের গুরুত্বপূর্ণ বাজারে আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত ষ্টীল ষ্ট্রাকচারযুক্ত শেড নির্মাণ করা হয়েছে। এ শেডে আধুনিক সুযোগ-সুবিধার ব্যবস্থা আছে। এতে করে একটি সুন্দর ও নিরাপদ পরিবেশে কৃষকরা তাঁদের পণ্য বিক্রয় করতে পারছেন। এছাড়াও প্রকল্পের আওতায় কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার মথুরাপুর বাজার, ঝিনাইদহ জেলা সদরের গান্না বাজার, চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলার ভালাইপুর বাজার, আলমডাঙ্গা উপজেলার আলমডাঙ্গা বাজার এবং মেহেরপুর জেলার সদর উপজেলার পশুর হাট সংলগ্ন বাজার এসেম্বল সেন্টার নির্মাণ করা হয়েছে।

## রংপুরে আলুর কোল্ড স্টোরেজের ভাড়া বৃদ্ধিতে মালিকদের সাথে মতবিনিময় সভা আয়োজন



মতবিনিময় সভায় উপস্থিত জনাব মোঃ আসিব আহসান, ডিসি, রংপুর

২২ জুন, ২০২১খ্রিঃ তারিখে কোল্ড স্টোরেজের ভাড়া বৃদ্ধির বিষয়ে সমঝোতার জন্য রংপুর জেলা প্রশাসকের কার্যালয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। জনাব মোঃ আসিব আহসান, জেলা প্রশাসক, রংপুর এর সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন আলুচাষী, আড়ৎদার, কোল্ড ষ্টোরেজ মালিক, রংপুর জেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দ এবং কৃষি বিপণন অধিদপ্তর, রংপুর এর কর্মকর্তাবৃন্দ।


## জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে সকল জেলা অফিসের অংশগ্রহণ




জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীর অনুষ্ঠানে টাঙ্গাইল জেলা কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণ

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে সকল জেলা অফিসের ন্যায় টাঙ্গাইল জেলা কার্যালয়ের উদ্যোগে জাতীয় শোক দিবসের অনুষ্ঠানে সকল কর্মকর্তা/কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

## জুলাই-আগস্ট মাসে কাঁচামরিচের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি



কাঁচা মরিচের ০৫ বছরের জাতীয় গড় বাজার দরের তুলনামূলক চিত্র

কৃষি বিপণন অধিদপ্তরের ২০১৭ হতে ২০২১ (আগস্ট মাস পর্যন্ত) সময়কালে কাঁচামরিচের জাতীয় গড় বাজার দর বিশ্লেষণে দেখা যাচ্ছে, প্রতি বছর জানুয়ারি থেকে জুন মাস পর্যন্ত খুচরা দর স্থিতিশীল ছিল। জুলাই এর মাঝামাঝি থেকে বাজার দর তীব্রভাবে বৃদ্ধি পায়, যা সেপ্টেম্বরের শেষ পর্যন্ত অব্যাহত থাকে। এ সময় বৃষ্টির কারণে কাঁচামরিচের উৎপাদন ব্যাহত হয়। এছাড়া মরিচের উৎপাদনে পালাবদল ঘটে থাকে। বর্ষার কারণে আগের মরিচ গাছগুলো তুলে নতুন করে লাগানোর অপেক্ষায় থাকেন কৃষক। এতে সরবরাহ কমে যাওয়ায় দাম বেড়ে যায়। এ সময় কাঁচামরিচ আমদানি করে সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রাখার চেষ্টা করা হয়। তবে ২০২০ এবং ২০১৭ সালে অক্টোবরের মাঝামাঝি পর্যন্ত কাঁচামরিচের খুচরা বাজারদর উর্ধ্বমূখী ছিল।

## রংপুরে পরীক্ষামূলকভাবে সদাই অ্যাপ বিষয়ক প্রশিক্ষণ



আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, রংপুরে আয়োজিত প্রশিক্ষণ কর্মশালায় উপস্থিত প্রশিক্ষণার্থীগণের সাথে কৃষি বিপণন অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ

১৯ জুন, ২০২১ খ্রিঃ তারিখে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, কৃষি বিপণন অধিদপ্তর, রংপুর কর্তৃক আয়োজিত আম সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং অনলাইন বিপণন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আনোয়ারুল হক, উপপরিচাক, রংপুর বিভাগ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ বায়েজীদ বোস্তামী, সহকারী পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। প্রশিক্ষণে সভাপতিত্ব করেন জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন সহকারী পরিচালক (প্রশিক্ষণ), কৃষি বিপণন অধিদপ্তর, রংপুর।

## খুলনা বিভাগীয় কার্যালয়ে শোকাবহ আগস্ট উপলক্ষে অফিস প্রাঙ্গণ পরিছন্নতা ও বৃক্ষরোপণ কার্যক্রম



পরিচ্ছন্নতা ও বৃক্ষরোপণ কার্যক্রম উপস্থিত জনাব লস্কর তাজুল ইসলাম, উপপরিচালক, খুলনা বিভাগ

শোকাবহ আগস্ট উপলক্ষে খুলনা বিভাগীয় উপপরিচালক জনাব লস্কর তাজুল ইসলামের উপস্থিতিতে বিভাগীয় কার্যালয়, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয় এবং আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ অফিস প্রাঙ্গণ পরিচ্ছন্নতা ও বৃক্ষরোপণ কার্যক্রম পরিচালনা করেন।

## কৃষি বিপণন অধিদপ্তরের সহকারী পরিচালক (প্রশাসন) জনাব এস এম সাঈদ হাসান এর অবসরজনিত বিদায় সম্বর্ধনা




সহকারী পরিচালক (প্রশাসন) জনাব এস এম সাঈদ হাসান এর অবসরজনিত বিদায় সম্বর্ধনায় উপস্থিত মহাপরিচালক মহোদয়

১৭ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের সম্মেলন কক্ষে সহকারী পরিচালক (প্রশাসন) জনাব এস, এম সাঈদ হাসান এর স্বেচ্ছা অবসরজনিত বিদায়ী সংবর্ধনার আয়োজন করা হয়। উক্ত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালক জনাব কাজী আবুল কালাম। সভাপতিত্ব করেন পরিচালক (প্রশাসন ও হিসাব) জনাব মোঃ দীন ইসলাম। এসময় অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## চুয়াডাঙ্গায় ফুল চাষী এবং ব্যবসায়ীদের নিয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন



ফুল চাষীদের প্রশিক্ষণে উপস্থিত জনাব কাজী আবুল কালাম, পরিচালক (গবেষণা) এবং প্রকল্প পরিচালক জনাব দেওয়ান আসরাফুল হোসেন

বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় গত ৫ জুন, ২০২১খ্রিঃ তারিখে কৃষি বিপণন অধিদপ্তর এর চুয়াডাঙ্গা আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে এক দিন ব্যাপী এক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

## স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) প্রকল্পের আওতায় চট্টগ্রামে কর্মশালা অনুষ্ঠিত

কৃষি বিপণন অধিদপ্তরের স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) শীর্ষক প্রকল্পের মাধ্যমে কৃষকদের বাজারমুখী করার প্রয়াস গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি বাংলাদেশ সরকার ও আন্তর্জাতিক কৃষি তহবিল (IFAD) এর যৌথ অর্থায়নে বরিশাল, খুলনা ও চট্টগ্রাম বিভাগের ১১টি জেলার ৩০টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের আওতায় "ব্যবসা ব্যবস্থাপনা দক্ষতা উন্নয়ন" ও "ফসল কর্তনোত্তর ব্যবস্থাপনা ও প্রাথমিক প্রক্রিয়াকরণ" বিষয়ের উপর ২,২৫,০০০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হবে এবং তন্মধ্যে ৩০০ জনকে ম্যাচিং গ্রান্ট (৫০% কৃষক ও ৫০% প্রকল্প সহযোগিতা) মডেলে উদ্যোক্তায় পরিণত করা হবে।



কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ এবং কম্পোনেন্ট পরিচালক জনাব ড. মোঃ আশরাফুজ্জামানের সাথে রয়েছেন চট্টগ্রাম জেলার চন্দনাইশ উপজেলায় অনুষ্ঠিত কর্মশালার সদস্যবৃন্দ।

## দ্বীপ জেলা ভোলায় নিয়মিত বাজার মনিটরিং এবং মোবাইল কোর্ট পরিচালনা



ভোলা সদর বাজারে বাজার মনিটরিং কার্যক্রম পরিচালনা করছেন ভোলার দায়িত্বপ্রাপ্ত কৃষি বিপণন কর্মকর্তা জনাব মোস্তফা সোহেল

দেশের সকল জেলার মত দ্বীপ জেলা ভোলায় নিত্যপণ্যের বাজার স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এ ছাড়াও স্থানীয় প্রশাসনের সহায়তায় নিয়মিত মোবাইল কোর্টও পরিচালিত হচ্ছে।

## বরিশালে 'কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ' শীর্ষক প্রকল্পের আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত



আঞ্চলিক কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত কৃষি বিপণন অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ

০৫ জুন, ২০২১খ্রিঃ তারিখে ধান গবেষণা ইন্সটিটিউট, বরিশালে 'কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ' শীর্ষক প্রকল্পের আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রকল্প পরিচালক জনাব শাহনাজ বেগম নীনার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ। এতে বিশেষ অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশালের অতিরিক্ত পরিচালক জনাব মো. তাওফিকুল আলম, ব্রি'র মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আলমগীর হোসেন এবং ডিএই বরিশালের উপপরিচালক জনাব হৃদয়েশ্বর দত্ত। কর্মশালায় কৃষক ব্যবসায়ী ও সরকারি কর্মকর্তাসহ ৫০ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।

## ফলমূল ও শাকসবজি রফতানির ক্ষেত্রে বিদ্যমান বাধা দূরীকরণে মতবিনিময় সভা আয়োজন।



আয়োজিত মতবিনিময় সভায় উপস্থিত মাননীয় কৃষি মন্ত্রী এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী

১৯ জুলাই, ২০২১খ্রিঃ তারিখে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে কৃষিপণ্যের রপ্তানি বাড়াতে একটি মতবিনিময় সভায় আয়োজন করা হয়। বিএডিসির চেয়ারম্যান ড. অমিতাভ সরকারের সভাপতিত্বে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী জনাব মোঃ মাহবুব আলী এমপি, কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ মেসবাহুল ইসলাম, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ মোকাম্মেল হোসেন, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান এবং কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ প্রমুখ উপস্থিত ছিলেন।

## আলুর মূল্য এবং সরবরাহ পরিস্থিতি নিয়ে বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশনের সাথে মতবিনিময়



বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশনের প্রতিনিধি দলের সাথে কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের মতবিনিময়

আলুর সাম্প্রতিক মূল্য পরিস্থিতি এবং নতুন মৌসুম পর্যন্ত এর সরবরাহ স্বাভাবিক রাখতে বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশনের প্রতিনিধি দলের সাথে প্রধান কার্যালয়ে ১৪ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন এফবিসিসিআই এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জনাব মোস্তফা আজাদ চৌধুরী বাবু, বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশনের সভাপতি জনাব মোঃ মোশারফ হোসেন, কৃষি বিপণন অধিদপ্তরের পরিচালক জনাব কাজী আবুল কালাম এবং বাংলাদেশ কোল্ড স্টোরেজ এসোসিয়েশন ও কৃষি বিপণন অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ।

## ফুল বিপণনের জন্য ঝিনাইদহে এসেম্বল সেন্টারের ভিত্তি প্রস্তর স্থাপন ও নির্মাণ কাজের উদ্বোধন



এসেম্বল সেন্টার নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন ও নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন ঝিনাইদহ-৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মো: আনোয়ারুল আজীম

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় ৪ জুন ২০২১খ্রি. তারিখে ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন বালিয়াডাঙ্গা বাজারে ফুলের এসেম্বল সেন্টারের নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর স্থাপন ও নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন ঝিনাইদহ-৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মো: আনোয়ারুল আজীম।

## মাদারীপুরে ব্যবসায়ীদের সাথে মতবিনিময় আয়োজন



মাদারীপুরে ব্যবসায়ীদের সাথে মতবিময় করছেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ

২৫ জুন, ২০২১খ্রিঃ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোহাম্মদ ইউসুফ-এর সভাপতিত্বে মাদারীপুর জেলার চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর ভবনে কৃষিপণ্য ব্যবসায়ীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

**সম্পাদনায় :** কাজী আবুল কালাম, পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
ফোন : ০২-৫৫০২৮৪২৩, ই-মেইল: dir.ict@dam.gov.bd, ওয়েবসাইট: www.dam.portal.gov.bd